

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৭৫

পানিসাগর, ২৪, জানুয়ারি, ২০২৪

প্রতি ঘরে সুশাসন অভিযান ২.০
উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক বিকাশ মেলা

উত্তর ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক সুশাসন মেলা সম্প্রতি সমাপ্ত হয়েছে। পানিসাগর মোটরস্ট্যান্ডে আয়োজিত দু'দিনব্যাপী মেলার উদ্বোধন করেন বিধায়ক বিনয়ভূষণ দাস। মেলার উদ্বোধন করে বিধায়ক শ্রী দাস বলেন, রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধাগুলি সকল জনগণের কাছে সঠিকভাবে পৌছে দেওয়ার জন্য সারা দেশ জুড়ে চলছে বিকশিত ভারত সংকল্প যাত্রা। তিনি সকলের প্রতি সরকারি বিভিন্ন প্রকল্পের সুযোগ সুবিধা গ্রহণ করার জন্য আহ্বান জানান। উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতিতি ভবতোষ দাস বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে দেশকে আত্মনির্ভর ও উন্নত রাষ্ট্রে পরিণত করার লক্ষ্যে কাজ করছে বর্তমান সরকার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহৃতা দেবপ্রিয় বর্ধন। সভাপতিত্ব করেন পানিসাগর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পানিসাগর পঞ্চায়েতের সমিতির চেয়ারম্যান সঞ্জয় দাস, ভাইস চেয়ারম্যান লক্ষ্মীকান্ত দাস, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সদস্য কাজল দাস, পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুভাষ আচার্য প্রমুখ।

সুশাসন মেলায় বিভিন্ন সরকারি দপ্তরের প্রদর্শনী স্টল খোলা হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে বিনামূল্যে চিকিৎসা পরিমেবা ও ঔষধ দেওয়া হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ৫ জনকে আয়ুষ্মান কার্ড দেওয়া হয়। মৎস্যদপ্তরের পক্ষ থেকে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় দুইজন সুবিধাভোগীকে আর্থিক সহায়তা দেওয়া হয়। প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে ৩০ জন সুবিধাভোগীদের মধ্যে মোরগ পালনে সহায়তা দেওয়া হয়। ত্রিপুরা স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক পানিসাগর শাখার পক্ষ থেকে একজনকে মুদ্রা লোন এবং একটি স্বসহায়ক দলকে ১ লক্ষ টাকার আর্থিক সহায়তা দেওয়া হয়। টি আর এল এম -এর পক্ষ থেকে মাতৃভূমি স্বসহায়ক দলকে ৫ লক্ষ টাকার আর্থিক সহায়তা দেওয়া হয়।
